একাডেমিক শাখা
রেজিস্ট্রার দপ্তর
প্রশাসনিক ভবন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ।
তারিখ: ২১.১.২০২৬

স্মারক নং-একা-৪৭/২০২৫-২০২৬/ ১৬৪৮

# বিজ্ঞপ্তি

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বর্ণিত ইউনিট/উপ-ইউনিটে বিভিন্ন কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার :

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদেশক্রমে জানানো যাচ্ছে যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে A, B, C এবং D ইউনিট এবং B1, B2 ও D1 উপ-ইউনিট এর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যে সকল শিক্ষার্থী (কোটার আসনে) নির্ধারিত সময়সীমার মধ্যে বিভাগ/ইনস্টিটিউট পছন্দক্রম: (Choice List) পূরণ করবে তাদের সাক্ষাৎকার নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:-

**কোটায় সাক্ষাৎকার গ্রহণের সময়সূচি (সকল ইউনিট/উপ-ইউনিট)**

| তারিখ/বার | কোটার নাম | সাক্ষাৎকারের সময় | স্থান |
|---|---|---|---|
| ২৬ জানুয়ারি ২০২৬ সোমবার | দলিত জনগোষ্ঠী কোটা (DQ) | সকাল ৯:৩০ টা | ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| | শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটা (PCQ) | সকাল ১০:৩০ টা | |
| ২৭ জানুয়ারি ২০২৬ মঙ্গলবার | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (SEGQ1) | সকাল ৯:৩০ টা | ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| | অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (SEGQ2) | সকাল ১১:৩০ টা | |
| ২৮ জানুয়ারি ২০২৬ বুধবার | মুক্তিযোদ্ধা কোটা :মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা (FFQ) | সকাল ৯:৩০ টা | ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| | অ-উপজাতি কোটা (NTQ) | সকাল ১০:৩০ টা | |
| | বিকেএসপি কোটা (BKSPQ) | দুপুর ২:০০ টা | |
| | পেশাদার খেলোয়াড় কোটা (PPQ) | দুপুর ২:৩০ টা | |

**কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নে উল্লিখিত কাগজপত্র/সনদ/ডকুমেন্ট (Document) সঙ্গে নিয়ে আসতে হবে :**

১. নির্ধারিত সময়সূচির মধ্যে অনলাইনে পূরণকৃত ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ ডাউনলোডকৃত শিক্ষার্থীর "বিভাগ/ ইনস্টিটিউট পছন্দক্রম: (Choice List) তালিকা" দুই কপি।
২. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ ডাউনলোডকৃত "ভর্তি পরীক্ষার প্রবেশপত্র" দুই কপি।
৩. পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল বিবরণী (শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থী ব্যতীত) দুই কপি।
৪. পরীক্ষার্থীর এইচএসসি/সমমান পরীক্ষার মার্কশীট, সার্টিফিকেট বা প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি এবং এক সেট ফটোকপি।
৫. পরীক্ষার্থীর এসএসসি/সমমান পরীক্ষার মার্কশীট, সার্টিফিকেট বা প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি এবং এক সেট ফটোকপি।
৬. এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ স্ব স্ব কোটার ক্ষেত্রে অনলাইনে ইস্যুকৃত যথাযথ ওয়ারিশ সনদসহ ভর্তিচ্ছু শিক্ষার্থীর ভর্তি নির্দেশিকায় বর্ণিত প্রযোজ্য সংশ্লিষ্ট কাগজপত্রের মূল কপি এবং এক সেট ফটোকপি।

কোন পরীক্ষার্থী একাধিক ইউনিট/উপ-ইউনিটে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে তাদের সংশ্লিষ্ট সকল ইউনিট/উপ-ইউনিটের কোটার সাক্ষাৎকারে আলাদাভাবে অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে সকল শিক্ষার্থীকে (১ থেকে ৬ নং ক্রমিকে) বর্ণিত সংশ্লিষ্ট কাগজপত্র/সনদ/ডকুমেন্ট (Document) এর আলাদা আলাদা সেট সঙ্গে রাখতে হবে।

কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী সাক্ষাৎকারের দিন (নির্দিষ্ট সময়ের মধ্যে) অনুপস্থিত থাকলে তার ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে: **(https://admission.cu.ac.bd)** পাওয়া যাবে এবং প্রয়োজনে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত হটলাইন/হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে।

২১-১-২৬
(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
সচিব, ভর্তি কমিটি

/ছদর/